# Times Today BD

দেওয়ান গিয়াস উদ্দিন | দেশজুড়ে | 07 April, 2025

নোয়াখালীর কবিরহাট উপজেলায় ধর্ষণের শিকার জমজ দুই বোনের পাশে দাঁড়িয়েছে বিএনপির ভারপাপ্ত চেয়ারম্যান তারেক রহমান।

সোমবার (৭ মার্চ) দুপুরে ভুক্তভোগী পরিবারকে সামাজিক পুনর্বাসন, নিরাপত্তা, আইনি ও চিকিৎসা সহায়তা দিতে তারেক রহমানের পক্ষ থেকে বিষয়গুলো তুলে ধরেন জেলা বিএনপি, আইনজীবী ও ড্যাবের নেতৃবৃন্দ। নোয়াখালী জেলা আইনজীবী সমিতির অডিটোরিয়ামে আয়োজিত সংবাদ সম্মেলনে সভাপতিত্ব করেন নিপীড়িত নারী ও শিশু আইন সহায়তা সেল নোয়াখালী জেলার সদস্য অ্যাডভোকেট রবিউল ইসলাম পলাশ।

সংবাদ সম্মেলনে জেলা বিএনপির আহ্বায়ক মাহবুব আলমগীর আলো বলেন, সামাজিক দায়বদ্ধতা থেকে আমাদের এগিয়ে আসা।এ জন্য আমাদের নেতা তারেক রহমান মানবিক বিষয় চিন্তা করে এ পরিবারের পাশে দাঁড়ানো ঘোষণা দেন।

সংবাদ সম্মেলনে সেলের সদস্য এ্যাড রবিউল ইসলাম বলেন, এই ধরনের ঘটনায় সকল প্রকার আইনি সহতা থেকে জাতীয়তাবাদী আইনজীবী পরিষদকে বিরত থাকার আহ্বান জানান।এই ঘটনায় কোন ধরনের আইনী সহতা প্রদান করবে না বাংলাদেশ জাতীয়তাবাদ আইনজীবী ফোরাম।পরে তারেক রহমানের পক্ষ থেকে ড্যাবের সহতায় আর্থিক সহতা প্রদান করা হয়।ড্যাবের পক্ষ থেকে সামনে সময়েও এ সেলের মাধ্যমে যে কোন ভিকটিমকে  চিকিৎসা সাপোর্ট  দিব।এ জন্য আমদের ৫ সদস্যের একটি সেল কাজ করেছে।

এ সময় উপস্থিত ছিলেন,  নোয়াখালী জেলা বিএনপির যুগ্ম-আহ্বায়ক অ্যাডভোকেট এবিএম জাকারিয়া, সদস্য সচিব হারুনর রশীদ আজাদ, জেলা আইনজীবী সমিতির সাধারণ সম্পাদক আমিরুল হোসাইন বুলবুল, নোয়াখালী ড্যাবের সভাপতি ডা.সাইফুল ইসলাম, সাধারণ সম্পাদক ডা. মনোয়ার হোসেন তালুকদার প্রমুখ

নোয়াখালী তারেক রহমান বিএনপি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 16:36

URL: https://timestodaybd.com/across-the-country/775807430